ঝিনাইদহ সড়ক বিভাগের গাড়ী থেকে ফেন্সিডিল উদ্ধার, আটক ৩

ঝিনাইদহ সদর উপজেলার মধুপুর এলাকা থেকে ফেন্সিডলসহ ৩ মাদক ব্যবসায়ীকে আটক করেছে র্যাব-৬। আজ শনিবার (৯মার্চ) ভোরে তাকে আটক করা হয়। জব্দ করা হয়েছে সড়ক পরিবহণ ও মহাসড়ক বিভাগের ব্যবহৃত একটি গাড়ী। যা বিভাগের পদস্থ এক কর্মকর্তা ব্যবহার করেন। গাড়ীতে সড়ক বিভাগের লোগো লাগানো ছিলো।

আটককৃতরা হলো-গাড়ী চালক ঢাকার তেজগাও কুনিপাড়া এলাকার শাহাজাদা ফিরোজের ছেলে রমজান হোসেন দেওয়ান (৩০), বরগুনা জেলার আমতলী উপজেলার গোডাঙ্গা গ্রামের দেলোয়ার হোসেনের ছেলে জুবায়ের হোসেন জুয়েল ও চুয়াডাঙ্গার জীবননগর উপজেলার শেনেরহুদা গ্রামের মৃত মাহাতাব উদ্দিনের ছেলে নজর হোসেন (২৫)।

র্যাব-৬, সিপিসি-২ ঝিনাইদহ ক্যাম্পের কোম্পানী কমান্ডার মেজর নাঈম আহম্মেদ জানান, গোপন সংবাদের ভিত্তিতে তারা জানতে পারে চুয়াডাঙ্গা থেকে সড়ক বিভাগের একটি গাড়ী যোগে ঢাকায় ফেন্সিডিল পাচার হচ্ছে। এমন সংবাদের ভিত্তিতে শনিবার ভোরে সদর উপজেলার মধুপুরে চেকপোস্ট বসায় র্যাব। সেসময় সন্দেহ হলে একটি পাজারো গাড়ীর গতিরোধ করে তল্লাসী করলে পাওয়া যায় ১৫০ বোতল ফেন্সিডিল। সেসময় আটক করা হয় ড্রাইভারসহ ৩ জনকে। এ ঘটনায় র্যাবের পক্ষ থেকে মামলা দায়েরের প্রস্তুতি চলছে।